



ইস্ট ওয়েস্ট ভার্সিটির কর্মশালায় অতিথিরা

ইস্ট ওয়েস্ট ভার্সিটির কর্মশালা জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় নারীর প্রতি গুরুত্ব দেয়ার তাগিদ

জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় বাংলাদেশ নানা করণীয় ঠিক করলেও, এক্ষেত্রে নারীদের জন্য আলাদা কিছু করা হয়নি। অথচ জলবায়ু পরিবর্তনজনিত প্রতিটি অভিঘাতেই নারীরা বেশী ঝুঁকিপূর্ণ থাকে। তাই এসব কর্মসূচিতে নারীর জন্য আলাদা পরিকল্পনা ও তহবিল বরাদ্দের দাবি জানান বক্তারা। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র-সিআরটি'র আয়োজিত 'জলবায়ু পরিবর্তনে গৃহীত জাতীয় ও আন্তর্জাতিক নীতি ও কর্মসূচিতে জেন্ডার' শীর্ষক কর্মশালায় বক্তারা এ দাবি জানান। বিশ্বব্যাংক ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ইউজিসি'র সক্ষমতা বৃদ্ধি তহবিলের সহায়তায় আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ইউএন উইমেনের বাংলাদেশ প্রতিনিধি ক্রিস্টিন হান্টার, বিশেষ অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, সম্মানিত অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের চেয়ারপারসন এবং ট্রাস্টি বোর্ডের সদস্য ড. রফিকুল ছদা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন একশন এইডের কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবীর এবং ইউএন উইমেনের ক্লাইমেট ও জেন্ডার সমন্বয়কারী দিলরুবা হায়দার। সংবাদ বিজ্ঞপ্তি।